

শিক্ষকদের সামাজিক মর্যাদার উন্নতি ঘটানো সময়ের দাবি

প্রাথমিক ও গণশিক্ষা উপদেষ্টা

খুলনা প্রতিনিধি

০৯ ডিসেম্বর ২০২৪, ১২:০০ এ.এম



প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের উপদেষ্টা অধ্যাপক ডা. বিধান রঞ্জন রায় পোদ্ধার বলেছেন, আগামী পাঁচ বছরের মধ্যে পর্যায়ক্রমে দেশের সব প্রাথমিক বিদ্যালয় মিড-ডে-মিলের আওতায় আসবে। প্রথম পর্যায়ে দেশের ১৫০টি উপজেলার সব বিদ্যালয়ে এটি চালু হবে। গতকাল রবিবার সকালে খুলনা বিভাগীয় কমিশনার কার্যালয়ের সম্মেলন কক্ষে বিভাগীয় পর্যায়ের কর্মকর্তাদের সাথে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। উপদেষ্টা বলেন, দক্ষিণ এশিয়ায় কেবল বাংলাদেশে শিক্ষা খাতে বরাদ্দ সবচেয়ে কম, বাজেটের মাত্র ২ শতাংশ। কিন্তু ইউনেস্কোর মতে, শিক্ষা খাতে বরাদ্দ বাজেটের ৬ শতাংশ হওয়া উচিত।

শিক্ষকদের আর্থিক ও সামাজিক মর্যাদার উন্নতি ঘটানো এখন সময়ের দাবি। প্রাথমিক শিক্ষার লক্ষ্যই হলো শিশুদের স্বাক্ষর করে গড়ে তোলা বা অক্ষরজ্ঞানসম্পন্ন করে তোলা। একই সাথে তাকে ভাষাজ্ঞান ও গণিতে দক্ষ করা। পড়তে পারা মানুষের সামনে বিশেষ জ্ঞানরাজ্যের দ্বার খুলে যায়, যার সূচনা প্রাথমিক বিদ্যালয় থেকেই হয়।